

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ৩, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ আগস্ট, ১৪৩১/ ০৩ অক্টোবর, ২০২৪

এস.আর.ও. নম্বর ৩৩০-আইন/২০২৪—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার জনমুখী, জবাবদিহিমূলক, দক্ষ ও নিরপেক্ষ পুলিশ বাহিনী গড়িয়া তুলিবার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার অনুমোদনক্রমে “পুলিশ সংস্কার কমিশন” নামে নিম্নরূপ কমিশন গঠন করিল:

(ক) পুলিশ সংস্কার কমিশন

- |   |                |
|---|----------------|
| ১. জনাব সফর রাজ হোসেন, সাবেক সচিব                                 | - কমিশন প্রধান |
| ২. জনাব আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ, অতিরিক্ত সচিব,                | - সদস্য        |
| জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়                         |                |
| ৩. জনাব মোহাম্মদ ইকবাল, সাবেক অতিরিক্ত সচিব ও                     | - সদস্য        |
| সাবেক মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর                  |                |
| ৪. জনাব মোহাম্মদ হারুন চৌধুরী, সাবেক বিভাগীয় কমিশনার ও যুগ্মসচিব | - সদস্য        |
| ৫. জনাব শেখ সাজ্জাদ আলী, সাবেক অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক         | - সদস্য        |
| ৬. জনাব মো: গোলাম রসুল, ডেপুটি ইলেক্পেস্ট জেনারেল অব পুলিশ        | - সদস্য        |
| ৭. জনাব শাহনাজ হৃদা, অধ্যাপক, আইন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়      | - সদস্য        |
| ৮. জনাব এ এস এম নাসিরউদ্দিন এলান, মানবাধিকার কর্মী                | - সদস্য        |
| ৯. শিক্ষার্থী প্রতিনিধি   | - সদস্য        |

( ২৭১১৫ )

মূল্য : টাকা ৪.০০

- (খ) কমিশন ৩ অক্টোবর ২০২৪ তারিখ হইতে কার্যক্রম শুরু করিবে এবং সংশ্লিষ্ট সকল মতামত বিবেচনা করিয়া পরবর্তী ৯০ (নব্রাহ্ম) দিনের মধ্যে প্রস্তুতকৃত প্রতিবেদন অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টার নিকট হস্তান্তর করিবে;
- (গ) কমিশনের কার্যালয় সরকার কর্তৃক নির্ধারিত হইবে;
- (ঘ) কমিশনের প্রধান ও সদস্যগণ সরকার কর্তৃক নির্ধারিত সরকারি পদমর্যাদা, বেতন/সম্মানি ও সুযোগ-সুবিধা পাইবেন; তবে শর্ত থাকে যে, কমিশন প্রধান বা কোন সদস্য অবৈতনিক হিসাবে দায়িত্ব পালন করিতে চাহিলে বা সুযোগ-সুবিধা গ্রহণ করিতে না চাহিলে তাহা অন্তর্বর্তীকালীন সরকারের মাননীয় প্রধান উপদেষ্টা অনুমোদন করিতে পারিবেন;
- (ঙ) প্রজাতন্ত্রের সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কমিশনের চাহিদানুযায়ী প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সরবরাহসহ সকল ধরনের সহযোগিতা প্রদান করিবে;
- (চ) কমিশন প্রয়োজনে উপযুক্ত ব্যক্তিকে কমিশনের সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে;
- (ছ) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের জননিরাপত্তা বিভাগ এ কমিশনকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মাহবুব হোসেন  
মন্ত্রিপরিষদ সচিব